# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৯৯

১/ বিবিধ

আরবী

إذا كان أول ليلة من شهر رمضان نظر الله عز وجل إلى خلقه، وإذا نظر الله عز وجل إلى عبده لم يعذبه أبدا، ولله عز وجل فى كل ليلة ألف ألف عتيق من النار
موضوع

رواه ابن فنجويه في " مجلس من الأمالي في فضل رمضان " وهو آخر حديث فيه، وأبو القاسم الأصبهاني في " الترغيب " (ق 180 / 1) عن حماد بن مدرك (الفسنجاني) حدثنا عثمان بن عبد الله أنبأنا مالك عن أبي الزناد عن الأعرج عن أبي هريرة مرفوعا، ومن هذا الوجه رواه الضياء المقدسي في " المختارة " (10 / 100 / 1) وله عنده تتمة ثم قال: عثمان بن عبد الله الشامي متهم في روايته.
وكذلك أورده ابن الجوزي بتمامه في " الموضوعات " (2 / 190) ، ثم قال ما ملخصه: موضوع، فيه مجاهيل، والمتهم به عثمان، يضع.
وأقره السيوطي في " اللآليء " (2 / 100 ـ 101) .
والحديث أورده المنذري في " الترغيب " (2 / 68 / 69) من رواية الأصبهاني فقط مصدرا بقوله: وروى ... مشيرا بذلك إلى أنه ضعيف أو موضوع، فكتبت هذا التحقيق لرفع الاحتمال الأول وتعيين أن الحديث موضوع لكي لا يغتر من لا علم عنده بإشارة المنذري المحتملة فيروي الحديث عملا بما زعموه أنه من قواعد الحديث وهو أن الحديث الضعيف يعمل به في فضائل الأعمال! فينسب بسبب ذلك إلى النبي صلى الله عليه وسلم ما لم يقل

বাংলা

২৯৯। যখন রমযান মাসের প্রথম রাতের আগমন হয়, তখন আল্লাহ তার সৃষ্টির দিকে দৃষ্টি দেন। যখন আল্লাহ তার বান্দাদের দিকে দৃষ্টি দেন, তখন তাঁকে আর কখনও শাস্তি দেন না এবং আল্লাহর উপর প্রতি রাতে দশ লক্ষ জনকে জাহান্নাম হতে মুক্তি দেয়া অপরিহার্য হয়ে যায়।

হাদীসটি জাল।

এটি ইবনু ফানজুবিয়া “মাজলিসুম মিনাল আমলী ফি ফাযলে রমযান” গ্রন্থে এবং আবুল কাসিম আসবাহানী “আত-তারগীব” গ্রন্থে (কাফ ১/১৮০) হাম্মাদ ইবনু মুদরিক হতে, তিনি হাদীসটি উসমান ইবনু আবদিল্লাহ শামী হতে বর্ণনা করেছেন।

যিয়া মাকদেসী “আল-মুখতারা” গ্রন্থে (১০/১০০/১) বর্ণনা করে বলেছেনঃ হাদীসটি বর্ণনা করার ক্ষেত্রে উসমান ইবনু আবদিল্লাহ শামী মিথ্যার দোষে দোষী। ইবনুল জাওযীও তার “আল-মাওযূ'আত” গ্রন্থে হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ এটি জাল। এটির সনদে একাধিক মাজহুল ব্যক্তি রয়েছেন। উসমান মিথ্যার দোষে দোষী, জালকারী।

সুয়ূতীও "আল-লাআলী" গ্রন্থে (২/১০০-১০১) তার এ কথাকে সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5558

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন